

চতুর্থ পাঠ

ঈশুর তোমাকে  
ভাল হতে  
সাহায্য করবেন



ঈশুর সম্বন্ধে এই বিষয়গুলি শেখ  
কোনটি করা ঠিক ঈশুর তাঁর সন্তানদের তা শিখান।  
ঈশুরের শত্রু মানুষকে পাপ করায়। পাপ আদম ও হবাকে  
ঈশুরের কাছ থেকে বিচ্ছিন্ন করলো। ঈশুর তবুও যারা অনায়াস করেছে  
তাদের ভালবাসেন। তোমাকে কি করতে হবে,  
বাইবেলের দ্বারা ঈশুর তা বলে দেন।



বাইবেল থেকে এই অংশটি  
পাঁচবার জোরে পড়।

আর ঈশুর আদমকে এই আদেশ দিলেন  
তুমি এই বাগানের সব গাছের ফল আরামে  
খেতে পার; কিন্তু সদাসদ জ্ঞান দায়ক যে গাছ তার  
ফল খেও না কারণ যেদিন এর ফল খাবে, সেই দিনই তুমি মরবে।  
আদি ২:১৬,১৭

এটা কি করতে পার ?

সঠিক উত্তরের চারপাশে এই রকম একটা গোল চিহ্ন দাও—

- ১। ঈশুর তার সন্তানদের কি রকম দেখতে চান ? **ভাল** খারাপ
- ২। কোন্ জিনিসটি আদমকে ঈশুরের কাছ থেকে পৃথক করলো  
প্রেম/পাপ
- ৩। যারা অনায়াস করেছে ঈশুর কি এখনও তাদের ভালবাসেন ? হাঁ/না

সঠিক উত্তর—  
১। ভাল ২। পাপ ৩। হাঁ

তোমাদের শেখার জন্য কতগুলি শব্দ  
পাপ মানেই ঈশ্বরের অবাধা হওয়া বা অন্যায় করা।  
পাপ মানুষের খারাপ কথা ও কাজের মধ্যে প্রকাশ পায়।  
যা খারাপ তাই অন্যায়।  
শয়তান ঈশ্বরের শত্রু—সে মানুষকে পাপ করতে সাহায্য করে।  
দিয়াবলের আর এক নাম হলো শয়তান।



যে কাজটি ঠিক তা করতে ঈশ্বর শিক্ষা দেন।  
নীচে বিন্দু ● হতে ● বিন্দু পর্যন্ত এই শব্দগুলির নীচে  
লম্বা দাগ দাও।  
আদম ও হবা একটা পবিত্র জগতে বাস করতো।  
সেখানে ঈশ্বর তাদের যা দিয়েছিলেন সবই সুন্দর ছিল।  
আদম হবাও ভালছিল (কারণ) ঈশ্বর তাদের নিজের  
মত সুন্দর করে সৃষ্টি করেছিলেন।

- আদম হবাকে কি করতে হবে ঈশ্বর তা বলে দিলেন  
কি করতে হবে না তাও বলে দিলেন। ●
- ঈশ্বর তাদের নির্দিষ্ট একটা গাছের ফল খেতে  
নিষেধ করলেন।
- তিনি তাদের সাবধান করে দিলেন তারা  
যদি ঐ ফল খায় তবে মারা যাবে। ●

ঈশ্বর আদম ও হবাকে  
ভালবাসতেন। তিনি  
চেয়েছিলেন তাদের যেটা ঠিক  
সেটা যেন তারা করে।  
তিনি চাননি যে তারা মারা যাক্।





ঈশ্বরের শত্রু মানুষকে পাপ করায়।  
 ঈশ্বরের এক শত্রু আছে যার নাম দিয়াবল বা শয়তান।  
 ঈশ্বর ভাল কিন্তু শয়তান খারাপ।  
 ঈশ্বর মানুষকে ভাল হতে ও ঠিক কাজ করতে সাহায্য করেন।  
 দিয়াবল মানুষকে ভুল কাজ করায়।



একদিন দিয়াবল এদোন বাগানে আসলো।

হবার সাথে কথা বলার জন্য দিয়াবল একটা সাপের রূপ নিল।

সাপ হবাকে সেই ফলটি দেখিয়ে দিল,  
 যা ঈশ্বর তাকে খেতে বারণ করেছিলেন। দিয়াবল  
 হবার কাছে মিথ্যা কথা বললো। দিয়াবল বললো,  
 “তুমি ঐ ফল খাও তাতে তুমি মরবে না।  
 তুমি ঈশ্বরের মত জ্ঞানী হতে পারবে।”

- হবা জানতো ঈশ্বরের বাধ্য থাকা উচিত  
 (তবুও) দিয়াবলের মিথ্যা কথায় সে  
 কান দিল। হবা কয়টি ফল খেলো যা  
 ঈশ্বর তাকে খেতে বারণ করেছিলেন।  
 হবা আদমকে তার কিছু অংশ দিল। আদমও  
 তা খেল। আদম ও হবা উভয়ই পাপ করলো।  
 ফলে ভয়ংকর একটা কিছু ঘটে গেল।

## ঈশ্বর

## পাপ

পাপ আদম ও হবাকে ঈশ্বর থেকে পৃথক করলো।  
 আদম ও হবা সর্বদা ঈশ্বরকে ভালবাসতো।  
 কিন্তু এখন তারা তাকে ভয় পাচ্ছে।

- তারা জানতে পারলো যে তারা অন্যায় করেছে।  
 ঈশ্বরের কাছ থেকে তারা নিজেদেরকে গোপন  
 করতে চেষ্টা করলো।  
 তারা উলঙ্গ হয়ে লজ্জায় মরতে লাগলো।  
 নিজেরা পাতার পোষাক তৈরী করলো।  
 কিন্তু সেই পোষাক তাদের লজ্জা ঢাকতে পারল না।





যারা অন্যায় করেছে ঈশ্বর  
এখনও তাদের ভালবাসেন

- ঈশ্বরের কাছ থেকে কেউ লুকাতে পারে না। •  
আদম ও হবা কি করল ঈশ্বর তা দেখলেন।  
কিন্তু ঈশ্বর তবুও তাদের ভালবাসলেন।  
তিনি পশুর চামড়া থেকে তাদের পোশাক বানিয়ে  
দিলেন।

ঈশ্বর আদম হবার সঙ্গে তাদের পাপ সম্পর্কে  
কথা বললেন। তাদের অপরাধের জন্য  
ঈশ্বর বাধ্য হয়েছিলেন শাস্তি দিতে। যা ঠিক তারা যেন  
সেটা করে সেই শিক্ষা দিবার জন্য ঈশ্বর তাদের শাস্তি  
দিয়েছিলেন। এদোনের সুন্দর বাড়ী তাদের ছেড়ে যেতে  
হয়েছিল।

- পাপ তাদের জীবনে অসুখ পীড়া ও মৃত্যু বয়ে নিয়ে এলো। •  
কিন্তু ঈশ্বর আদম হবাকে বললেন একজন ত্রাণকর্তা আসবেন।  
সেই ত্রাণকর্তা সব কিছু আবার ঠিক করবেন।

বাইবেলে ঈশ্বর তোমাদের বলে দেন কি করতে হবে।

ঈশ্বর বলেন কোনটা ঠিক ও কোনটা ভুল।

এমন কোন কাজ কি তুমি করেছ যা ভুল বলে জানতে?

- ঈশ্বর এখনও তোমাকে ভালবাসেন ও তোমাকে সাহায্য করতে চান। •

ঈশ্বরকে বলো যে, তোমার মন্দ কাজের জন্য তুমি দুঃখিত।

তাকে বলো যেন তিনি তোমাকে সাহায্য করেন।

তারপর তিনি যা বলেন তাই করো, তাহলে তুমি সুখী হবে।

ঘুমাবার আগে তার কাছে এই প্রার্থনা কর।

### প্রার্থনা

হে প্রভু আমি দুঃখিত,

আমি সব সময় ঠিক কাজ না করে

অন্যায় কাজই করেছি, আমাকে যা তুমি

করতে বল তা করতে আমাকে সাহায্য কর।

আর এই রাত্রিতে তুমি আমাকে রক্ষা কর।



এবার চতুর্থ পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর